দৈনিক সংবাদ

তারিখ 15 JUN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

143

### কুমিল্লা বোর্ড

# দশ হাজার পরীক্ষার্থী উত্তরপত্রের পাতা পূরণে ভুল করেছে

কুমিল্লা, ১৪ই জুন (জেলা বার্তা পরিবেশক)।– এবারের কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষায় প্রায় ১০ হাজার পরীক্ষার্থী উত্তরপত্রের প্রথম পাতাটি পূরণ করতে ভুল করেছে। এই পাতায় পরীক্ষার্থী, পরীক্ষার বিষয়, বোর্ড ইত্যাদি তথ্য পূরণ করতে হয়। যা পরে কম্পিউটারের মাধ্যমে পড়া হবে। প্রথম পাতাটিকে বলা হয় অপটিক্যাল মার্ক রিডার (ওএমআর)।

ওএমআর ভুলভাবে পূরণ করা হলে পরীক্ষার ফলাফল প্রকাশের ক্ষেত্রেও জটিলতা দেখা দেবে। ইতিমধ্যে এরকম ১০ হাজার ভুল ওএমআর বোর্ডে এসে পৌঁছেছে এবং আরো আসছে। শেষ পর্যন্ত এই সংখ্যা ১৫ হাজার ছাড়িয়ে যেতে পারে। বোর্ড কর্তৃপক্ষ ওএমআর-এ শুদ্ধ তথ্য কি হবে তা ভিন্ন কাগজে লিখে বুয়েটের কম্পিউটার সেন্টারে পাঠিয়ে দেবে। কিন্তু বিভিন্ন স্থান থেকে ভুল ওএমআর আসা অব্যাহত থাকায় তা এখনো পাঠানো যাচ্ছে না। এছাড়া নির্দেশ ছিল ওএমআর ফরম কোন রকম ভাঁজ বা দুমড়ানো মোচড়ানো ছাড়া কম্পিউটার কেন্দ্রে পাঠাতে হবে। কিন্তু প্রায় ৩৫ হাজার ওএমআর ফরম ভাজ করে দুমড়িয়ে পাঠানো হয়েছে। এর ফলে এ থেকে কম্পিউটার প্রয়োজনীয় তথ্য পাঠ করতে পারবে না। ফলে আশংকা করা হচ্ছে এ বছর পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব হতে পারে এবং ফলাফলে ভুল থেকে যেতেপারে।